

## নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতির গঠনতন্ত্র

১. এই সমিতি “নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতি” নামে পরিচিত হবে। যার অবস্থান হবে কক্সবাজারের নাজিরাটেক এবং এই সমিতির সদস্যগণ নিরাপদ গুঁটিক উৎপাদনের সাথে জড়িত থাকবে।
২. সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে গুঁটিক উৎপাদনের সাথে সংশ্লিষ্ট, নিরাপদ গুঁটিক প্রক্রিয়াজাতকরণে অগ্রহী এবং নিরাপদ গুঁটিক উৎপাদনের প্রতিটি ধাপ যথাযথভাবে মেনে চলবেন এমন ব্যক্তিকে সদস্য হিসেবে নির্বাচিত করা হবে।
৩. সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে ১৮ বছর বয়স হওয়া বাঞ্ছনীয়। ১৮ বছরের কম বয়সীদের এ সমিতিতে সদস্যপদ দেয়া যাবে না। সদস্য অন্তর্ভুক্তির জন্য প্রতিটি সদস্যের ভোটার আইডি কার্ড/জন্মনিবন্ধন কার্ড থাকা প্রয়োজন। সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় গুঁটিক উৎপাদকগণকে অগ্রাধিকার দেয়া হবে।
৪. নাজিরারটেক নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতি গঠনের অন্যতম নীতি হল নিরাপদ গুঁটিক উৎপাদনে পেশাগত দক্ষতা বৃদ্ধি সাধন করা। সমিতির কার্যকরি পরিচালনা কমিটি উৎপাদক শ্রেণীর দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনে বিভিন্ন ধরনের সভা/প্রশিক্ষণ/উঠান বৈঠকের আয়োজন করবে।
৫. স্থানীয় গুঁটিক উৎপাদকগণকে যোগ্যতা ও গঠনতন্ত্র অনুসারে নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতিতে সম্পৃক্ত করা হবে। স্থানীয়দেরকে অন্তর্ভুক্তকরণের মাধ্যমে স্থানীয়দের গুঁটিক সংশ্লিষ্ট জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাবে। ফলে, নিরাপদ গুঁটিক উৎপাদন বৃদ্ধি পাবে।
৬. নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতিটি একটি অরাজনৈতিক সংগঠন হিসাবে কাজ করবে এবং নিরাপদ উপায়ে গুঁটিক প্রক্রিয়াজাতকরণে সহায়তা প্রদান, পরামর্শ প্রদান ও মনিটরিং করবে।
৭. সমিতির সকল সদস্যগণ অর্গানিক পদ্ধতিতে গুঁটিক উৎপাদনের প্রক্রিয়া ও সমিতি কর্তৃক নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী নিরাপদ গুঁটিক উৎপাদন করবেন।
৮. সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য বা সমিতির কার্যকরি পরিষদ কর্তৃক গৃহীত অন্য কোন কর্মকান্ড বাস্তবায়নের জন্য সমিতির সকল সদস্যদের ঐক্যবদ্ধ প্রচেষ্টা থাকবে।

## নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতি গঠনের উদ্দেশ্যঃ

১. কোস্ট ফাউন্ডেশনের মাধ্যমে পরিচালিত নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতি স্থানীয়ভাবে উদ্যোক্তা পর্যায়ে স্বাস্থ্যসম্মত ও অর্গানিক পদ্ধতিতে গুঁটিক উৎপাদন নিশ্চিত করার মাধ্যমে গুঁটিকপল্লীতে উৎপাদকদের মধ্যে দায়িত্বশীলতা তৈরী ও নিরাপদ গুঁটিক উৎপাদন নিশ্চিত হয়।
২. গুঁটিকপল্লীতে উদ্যোক্তাদের পরিবেশ সম্মত আধুনিক কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করা এবং নিরাপদ গুঁটিকর বাজার সম্প্রসারণ করে ভোক্তা পর্যায়ে নিরাপদ গুঁটিকর বাজার চাহিদা পূরণ ও স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিত করা।
৩. নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতি গঠনের অন্যতম উদ্দেশ্য হল স্থানীয় নিরাপদ উৎপাদনকারীদের সমন্বয়ে কমিটি গঠন করা এবং কমিটির কার্যপ্রণালীতে গুঁটিকর মান যাচাই ও নিয়ন্ত্রণে “নিরাপদ গুঁটিক” লেখা সম্বলিত একটি স্টীকার/সার্টিফিকেট প্রদান করা যার মাধ্যমে ভোক্তারা বিক্রয়কারী কিংবা উৎপাদনকারীকে সহজেই নিরাপদ গুঁটিক উদ্যোক্তা হিসেবে চিহ্নিত করতে পারে।

## নিরাপদ গুঁটিক উৎপাদক সমিতির কাজ

১. সমিতির যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য সাধারণ সদস্যদের ভোটে নির্বাচিত ৫টি পদবিশিষ্ট সদস্যের একটি কার্যকরি পরিষদ থাকবে।
২. কার্যকরি পরিষদের মেয়াদ ০১/০২ বছর মেয়াদী হবে। তবে বিশেষ প্রয়োজনে এর মেয়াদ কম বেশী হতে পারে।
৩. সমিতির সকল সদস্যদের সিদ্ধান্তের ভিত্তিতে নিরাপদ গুঁটিকর সার্টিফিকেশন প্রদান করা হবে।
৪. সমিতির সদস্য কর্তৃক উদ্যোগ কর্মকান্ড পরিদর্শনের সময় যদি নিরাপদ গুঁটিক উৎপাদনের শর্তসমূহ যথাযথভাবে প্রতিপালন না করা হয় তবে সমিতি কর্তৃক ঐ সদস্যের সার্টিফিকেট/সদস্যপদ বাতিল করা হবে।
৫. এই সমিতির আদর্শ ও উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য একটি আহবায়ক কমিটি কাজ করবে। আহবায়ক কমিটিতে ৮ সদস্য বিশিষ্ট একটি দল থাকবে। কমিটির সদস্যপদ হবে ক্রমানুসারেঃ সভাপতি-০১জন, সহ-সভাপতি-০১জন, সাধারণ সম্পাদক-০১জন, টেকনিক্যাল সদস্য-২জন, প্রচার ও প্রকাশনা সদস্য-১জন এবং দপ্তর সম্পাদক-০১জন।
৬. এই সমিতিটি পরিচালনায় কোস্ট ফাউন্ডেশন পরামর্শক ও কারিগরি সহায়ক প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

## আহবায়ক কমিটির সদস্যদের নাম ও পদবি

১. সভাপতিঃ মোঃ আমান উল্লাহ সওদাগর
২. সহ-সভাপতিঃ মোঃ ইউনুস, মোঃ জিহাদ
৩. সদস্য সচিবঃ কোস্ট ফাউন্ডেশন
৪. টেকনিক্যাল সদস্যঃ মোঃ শহিদুল্লাহ ও লোকমান
৫. প্রচার ও প্রকাশনা সদস্যঃ মোঃ গিয়াস উদ্দিন
৬. দপ্তর সম্পাদকঃ মোঃ আতাউর রহমান কাইছার।